**৬। যে কোন একটি করা**

| | |
|---|---|
| ক। সাহিত্যের যে কোন শাখা থেকে ৪টি বই পড়া । | ৬। সাহিত্য সনদপত্র |
| খ। তিনটি চলচ্চিত্রের সার্বিক মান নির্ণয় করার ক্ষেত্রে লক্ষণীয় বিষয় যেমন ঃ কাহিনীর মান, প্রক্রিয়া ও আলোকচিত্র । | চলচ্চিত্রকার সনদপত্র বা |
| গ। তিনটি লোক সঙ্গীত সৃষ্টি করা বা নতুন ইউনিটে লোক নৃত্য চালু করা এবং তা শেখানো। | লোক নৃত্য সনদপত্র |
| ঘ। তিনটি বিভিন্ন ধরণের স্থাপত্যের মৌলিক বিষয়ে তুলনামূলক যাচাই করা। | স্থাপত্য সনদপত্র |
| ঙ। সংঙ্গীতের বিশেষ ধারা সম্বন্ধে ধারণা থাকা। | সঙ্গীত সনদপত্র |
| ৭। কোন একটি বাড়ি/ফ্ল্যাট দেখে তার নকশা এমন ভাবে তৈরী করা যাতে একজন ভাড়াটে ঐ নকশা দেখে বাড়ি/ ফ্ল্যাট সম্বন্ধে ধারণা করতে পারে। উদাহরণ ঃ সাধারণ নকশা, কক্ষের পরিমাপ আকৃতি, আলোক সঞ্চালন, বায়ুপ্রবাহ এবং কাজ করার স্বাচ্ছন্দ্য। | ৭। হোম প্ল্যানিং সনদপত্র |
| ৮। একটি দেশ নির্ধারণ করে অন্যকে ঐ দেশটির প্রতি আগ্রহী করে তোলা, ঐ দেশের গার্ল গাইডের বৈশিষ্ট্য সমূহকে জানা যদি সেটি বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার সদস্য দেশ হয়। | ৮। আন্তর্জাতিক জ্ঞান সনদপত্র |
| অথবা | |
| অগ্নি নির্বাপক কেন্দ্র, হাসপাতাল বা ডাক্তার বা ঔষধের দোকানে, পোস্ট অফিস, রসায়নবিদ ইত্যাদি যানার জন্য অনধিক এক মাইল দীর্ঘ একটি পথ পরিক্রম করা যাতে একজন আগন্তুক ঐ সমস্ত স্থানে প্রয়োজনে যেতে পারে এবং অন্ততঃ দু'টি স্থানীয় শিল্প কারখানা, কৃষিজাত শিল্প বা শিল্পী, জন্মলগ্ন এবং ক্রমবিকাশের ইতিহাস বর্ণনা দেয়া জানতে পারা। | আঞ্চলিক জ্ঞান সনদপত্র |
| ৯। অন্ততঃ একদিন নিজ দেশের এক বা একাধিকের রেঞ্জার ইউনিটের কিছু সঙ্গী সহ বাইরে রান্না করে নিজস্ব খাওয়া এবং পারিপার্শ্বিক প্রকৃতি যেমন- বন্যপ্রাণী, পাখি, জীবজন্তু, গাছ-পালা, ফুল পর্যবেক্ষণ করা এবং প্রতিবেদন তৈরী করা। | ৯। উডক্রাফ্ট সনদপত্র |
| অথবা | |
| অন্ততঃ দু'মাসের জন্য প্রতিদিন আবহাওয়ার বিবরণ তালিকা লিপিবদ্ধকরা। বিভিন্ন ধরণের মেঘ পর্যবেক্ষণ ও বলতে পারা কোন মেঘ থেকে বৃষ্টি হবে। ছয়টি নক্ষত্রপুঞ্জের অবস্থান নির্ণয় করা। তিনটি করে ফুল, গাছ, জন্তু ও পাখি সম্বন্ধে জ্ঞান থাকা এবং চর্চা করা। | |

হলুদ বার    সবুজ বার    লাল বার    নীল বার

( সংশ্লিষ্ট বার পাওয়ার ক্ষেত্রে নৈপুণ্য সূচক ব্যাজ-এর কোর্স ও সার্ভিস স্টার আট দফা কাজ সম্পন্ন করতে হবে।)

**এ্যাওয়ার্ড**

- জ্ঞান প্রদীপ ব্যাজ



রেঞ্জারদের জ্ঞান প্রদীপ ব্যাজ

- জাতীয় কমিশনারের রেঞ্জার ব্যাজ



জাতীয় কমিশনার রেঞ্জার ব্যাজ

- সাক্ষরতা ব্যাজ


## বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা - ১০০০

ফোন : ৮৩১৫৫০১, ফ্যাক্স : ৮৩১৫৫৯২

ই-মেইল : bgguidesho@gmail.com, Website : www.bggabd.org



প্রকাশ কাল ঃ ডিসেম্বর ২০১৬


# রেঞ্জার টেস্ট কার্ড

রেঞ্জারের মূল মন্ত্র
'সমাজ সেবা'

নাম: ..........................................................................

প্রতিষ্ঠান/মুক্ত ইউনিটের নাম: ....................................................

ইউনিটে যোগদানের তারিখ ......................................................

দীক্ষা প্রদানকারীর নাম ও স্বাক্ষর : ...........................................

তারিখ : ......................................................................

**রেঞ্জার প্রতিজ্ঞা**

আমি আমার আত্ম সম্মানের উপর নির্ভর করিয়া প্রতিজ্ঞা করিতেছি যে,

ক) আমি যথা সাধ্য স্রষ্টা ও দেশের প্রতি আমার কর্তব্য পালন করিবো;
খ) সর্বদা পরের উপকার করিবো;
গ) গাইডের নিয়মাবলী মানিয়া চলিবো এবং
ঘ) রেঞ্জার হিসেবে আমার প্রধান দায়িত্ব সেবার মাধ্যমে এই প্রতিজ্ঞাকে বহির্জগতে নিয়ে যাওয়া।

### নিয়মাবলী

১) গাইডের আত্ম মর্যাদা নির্ভরযোগ্য;
২) গাইড বিশ্বস্ত;
৩) গাইডের কর্তব্য নিজে কার্যোপযোগী হওয়া এবং অপরকে সাহায্য করা;
৪) গাইড সকলের বন্ধু এবং গাইড মাত্রই গাইডের ভগ্নী;
৫) গাইড মাত্রই বিনয়ী;
৬) গাইড জীবের বন্ধু;
৭) গাইড আদেশ পালন করে;
৮) গাইড হাসিমুখে প্রতিকূল অবস্থার মোকাবিলা করে;
৯) গাইড মিতব্যয়ী;
১০) গাইড কথায়, কাজে ও চিন্তায় সর্বদাই নির্মল।

### রেঞ্জারদের আট দফা কর্মসূচি

তুমি হয়তো পূর্বে গাইডিং-এ জড়িত ছিলে বা ছিলে না তথাপি রেঞ্জার শাখা তোমার কাছে আনন্দদায়ক ও সম্ভাবনাময় বলে প্রমাণ করবে। এখানে বিভিন্ন কর্মসূচি রয়েছে যা তুমি দীক্ষা নিবার পূর্বে বা পরে করতে পারবে। দীক্ষা নিবার পূর্বে তুমি বিভিন্ন "প্রাক দীক্ষা চ্যালেঞ্জ" এর মাধ্যমে কাজ করে দীক্ষা গ্রহণ করতে পারবে এবং দীক্ষা গ্রহণের পরে রেঞ্জার চ্যালেঞ্জ সমূহ, বিভিন্ন "সেবা সার্টিফিকেট "ও "রেঞ্জার সার্ভিস স্টার" অর্জন করতে পারবে।

রেঞ্জার ইউনিট তোমাকে সুযোগ করে দিচ্ছে তোমার পছন্দের চ্যালেঞ্জ গুলোর মাধ্যমে তোমাকে পরিপূর্ণ নাগরিক হিসেবে গড়ে উঠার। অনেক ক্ষেত্রেই তোমার পছন্দের চ্যালেঞ্জ গুলোতে তোমার ইউনিটের অন্যদের ইচ্ছারও প্রতিফলন ফুটে উঠবে যা তোমাকে খেয়াল করতে হবে।

### রেঞ্জার ইউনিটের প্রতিদ্বন্দ্বিতামূলক আট দফা কর্মসূচির বিশেষ দিকগুলি হচ্ছে

১। নিজেকে জানা:
২। শরীর চর্চা:
৩। সৃজনশীল ক্ষমতা:
৪। চরিত্র:
৫। পরস্পরকে জানা:
৬। সেবাব্রতে প্রস্তুত থাকা:
৭। গৃহকাজে নিপুণতা:
৮। বহির্জগত থেকে আনন্দ লাভ করা।

একজন রেঞ্জার হিসেবে তোমাকে খুব গভীরভাবে প্রতিজ্ঞার কথা ভাবতে হবে। তোমাকে এটা তৈরি করতে হবে সম্ভবত শেষ সময়ে এবং তোমাকে প্রতিজ্ঞা করতে হবে যে, বাকি জীবনে সাধ্যমত নিজেকে কাজে লাগাবে। এর মানে তুমি আট দফার প্রতি ক্ষেত্রে নিজেকে প্রতিদ্বন্দ্বি হিসেবে নিবে এবং এই প্রতিদ্বন্দিতা তোমাকে বড় হতে সাহায্য করবে। প্রতিদ্বন্দ্বিতার কতগুলি ধারণা তালিকভূক্ত কর-যাতে তুমি ভিন্ন কিছু সম্বন্ধেও সিদ্ধান্ত নিতে পার।

নীচের আট দফা কর্মসূচির মধ্য থেকে তুমি দুইটা পয়েন্ট প্রতিদ্বন্দ্বীরূপে নিবে এবং এই দুইটা সাধারণ ভাবে নিলে হবে না।

(১) **মন বা নিজেকে জানা ঃ** বাংলার ইতিহাস থেকে সুন্দর সুন্দর ঘটনাবলীর একটি তালিকা তৈরি কর যা তুমি ভাব এবং তোমাকে ঘিরে সংঘটিত। তোমার দেশের ইতিহাসের যে কোন সময়ের নির্দিষ্ট ঘটনাবলী নিয়ে গবেষণা করা যেতে পারে।

(২) **শরীর চর্চা ঃ** নতুন খেলাধূলা শিখা। শরীরের যত্ন নেওয়া। এক মাসের মধ্যে পুষ্টি সম্পর্কে জ্ঞান এবং সুষম খাদ্যের প্রয়োজনীয়তা সম্পর্কে ধারণা নেওয়া। এই সম্পর্কে একটি তালিকা তৈরি করা যা তোমার ইউনিটে স্বাস্থ্যসেবায় সাহায্য করবে।

(৩) **সৃজনশীল ক্ষমতা ঃ** দর্শনীয় স্থান, যাদুঘর, শিল্পকারখানা পরিদর্শন, রেডিও শোনা, টেলিভিশন দেখা, তথ্য প্রযুক্তির ব্যবহার শেখা এবং বিষয়গুলো নিয়ে নিজ ইউনিটে আলোচনা করবে। লেখাপড়ার পাশাপাশি কবিতা, গান ও বাদ্যযন্ত্র বাজাতে শিখবে। পরিবারে বড় ও ছোট সকলের সাথে হৃদ্যতা বজায় রাখবে।

(৪) **চরিত্র ঃ** তোমার ইউনিটের অন্যান্য সদস্যার সাথে আলোচনা কর। তুমি চিন্তা কর, কি ভাবে দৈনন্দিন কর্মকান্ডে দেশের প্রতি আনুগত্য প্রদর্শন করবে। তোমার সম্প্রদায়ের, তোমার প্রতিষ্ঠানের এবং তোমার বাড়ির আনুষঙ্গিক বিষয় নিয়ে আলোচনা কর অন্য জনের সাথে। আমাদের সকলের অনেক ভুল আছে । একটা ভুলকে চিহ্নিত কর এবং নির্দিষ্ট সময়ের অর্থাৎ এক মাসের মধ্যে সংশোধনের চেষ্টা কর।

(৫) **পরস্পরকে জানা ঃ** বিভিন্ন জাতির মধ্যে ধর্ম, বর্ণ নির্বিশেষে বন্ধুত্ব গড়ে তোল। কাউকে সাহায্য কর বা অন্যান্যদের তোমার বাড়িতে সামান্য আশ্রয় দাও, তাদের নিয়ে আনন্দ কর। কোন প্রকল্পে দলের সদস্যা হয়ে কাজ কর। অন্য সংগঠনকে সাহায্য কর সহযোগী সংগঠন হিসেবে বা সামাজিক প্রথা হিসেবে।

(৬) **সেবা ব্রতে প্রস্তুত থাক ঃ** অন্তত দুই মাসের জন্য সাহায্যের পরিকল্পনা নিয়ে সেবা প্রকল্প গড়ে তোল। সমস্যাগ্রস্থ ছেলে বা মেয়েদের সাহায্যের জন্য কোন পন্থা খুঁজে বের কর। স্থানীয় অনাথদের মধ্যে বস্ত্র দেওয়ার জন্য একটা পরিকল্পনা তৈরি কর। জরুরী প্রয়োজনের জন্য প্রাথমিক চিকিৎসা শিখ।

(৭) **গৃহকাজে নিপুণতা ঃ** বাড়ির জন্য উপযোগী তালিকা তৈরী কর। এক সপ্তাহের জন্য তোমার গৃহ পরিস্কার পরিচ্ছন্ন রাখ। নতুন দুই প্রকার তরকারী রাঁধতে শিখ। মাসিক আয়ের উপর নির্ভর করে কাজের লোক সহ ছয় জন সদস্যের একটি মাসিক বাজেট তৈরী কর।

(৮) **বহির্জগৎ থেকে আনন্দ লাভ ঃ** রাত্রিকালীন ক্যাম্পে যাও। কম করে হলেও ছয়টা গান গাওয়া পাখি'র বৈশিষ্ট সম্পর্কে জানতে শিখ। অন্তত: ছয় ধরণের গাছের নাম জান। তারা, মেঘ, আবহাওয়া বিদ্যা, ভূ-তত্ত্ববিদ্যা বা এই জাতীয় বস্তুর উপর গবেষণা কর।

{এই আট দফা কর্মসূচির মাধ্যমে রেঞ্জাররা গাইডিং করার এবং নিজেকে সর্বক্ষেত্রে উন্নত করার সুযোগ পাবে।}

**অনুপ্রবেশ**

১। প্রতিজ্ঞা;
২। নিয়মাবলী;
৩। লক্ষ্য;
৪। ভালো কাজ;
৫। গান/খেলা



পরীক্ষকের
স্বাক্ষর ও তারিখ

### রেঞ্জার অভিষেক পরীক্ষা

**অনুপ্রবেশ পুনরাবৃত্তি**

পরীক্ষকের
স্বাক্ষর ও তারিখ

১। বাংলাদেশে গার্ল গাইডের সংক্ষিপ্ত ইতিহাস;
২। গাইড টেন্ডার ফুট;
৩। রেঞ্জারদের দৃষ্টিকোণ থেকে প্রতিজ্ঞা ও নিয়মাবলী;
৪। কোন ইউনিটের উৎসবে যোগদান করার ক্ষমতা;
৫। বাংলাদেশের পতাকা, বিশ্ব পতাকা ও জাতিসংঘের পতাকার অর্থ অনুধাবন করা;
৬। একটি নির্দিষ্ট সময়ের মধ্যে নিয়োগ প্রাপ্তরা যা করবে ঃ

- অন্যের জন্য সুনির্দিষ্ট কিছু কাজ করে নিজের বিশ্বাসযোগ্যতার পরিচয় প্রমাণ করতে হবে;
- হাঁটা পথে কমপক্ষে তিন মাইল অথবা যানবাহন ব্যবহার করলে ৪ (চার) ঘন্টা হবে এমন জায়গায় দু'তিনজন বন্ধু মিলে একটি অভিযান পরিচালনার পরিকল্পনা ও বাস্তবায়ন করতে হবে এবং এই অভিযান ও তার পরিকল্পনার বিবরণ লিপিবদ্ধ এমনভাবে করতে হবে যাতে পরিকল্পনাকারীর মানচিত্র জ্ঞান সম্বন্ধে ধারণা পাওয়া যায়। পরিকল্পনাকারী এক্ষেত্রে কোন শহর, গ্রাম বা দেশ তার অভিযানের জন্য বেছে নিতে পার;
- রেঞ্জারদের এ শাখা উত্তীর্ণহতে হবে;
- তিন মাসের সক্রিয় উপস্থিতি থাকতে হবে।

### রেঞ্জার সার্ভিস স্টার

| শাখা - ক | শাখ - খ |
|---|---|
| ১। রেঞ্জারদের বিজ্ঞপাখি প্রশিক্ষণ অথবা কমপক্ষে একটি করে তাঁবু ভিত্তিক রেঞ্জার ক্যাম্প, আঞ্চলিক গাইড ক্যাম্প ও জাতীয় গাইড ক্যাম্পে স্টাফ-এর দায়িত্ব পালন করা। | ১। ক্যাম্প সনদপত্র |
| ২। দু'ধরণের খাবার তৈরী ও তার রক্ষণাবেক্ষণ। নির্দিষ্ট খরচে এক সপ্তাহের জন্য গরম ও শীতকালের খাদ্য তালিকা তৈরী এবং এর পুষ্টিমান পর্যালোচনা। | ২। রাঁধুনী সনদপত্র |
| ৩। নিম্ন বর্ণিত অবস্থায় কি করণীয় তা জানা। বিদ্যুতের শক, হালকা/অত্যধিক/রক্তক্ষরণ,শ্বাস বন্ধ হাড় মচকানো/ভাঙ্গা/ঘা ইত্যাদিতে কি করণীয় এবং কৃত্রিম শ্বাস প্রশ্বাস সম্বন্ধে জানা | ৩। প্রাথমিক চিকিৎসা সনদপত্র |
| ৪। একটি তিন বছরের শিশুর পরিচর্যা, খাওয়ানো , গোসল করানো ও পোশাক পরানো জানা ও তা করে দেখানো। নিজ এলাকার মাতৃমঙ্গল ক্লিনিক সম্বন্ধে ধারণা রাখা। ছোটখাট দূর্ঘটনা, যেমন-আঘাত, কাটা বা থেতলানো ইত্যাদি পরিচর্যা করতে জানা। নিয়মানুবর্তিতা ও শারিরীক পরিচ্ছন্নতা বিষয়ে শিশুদের ক্ষেত্রে সচেতন হওয়া। | ৪। মাতৃমঙ্গল সনদপত্র |
| ৫। সেলাই করা অথবা কোন গুরুত্বহীন বস্তুকে যেমন একটি প্যাকিং বাক্সকে কাজে লাগানো, কাপড় বা ঐ জাতীয় বস্তু থেকে দাগ পরিস্কার করা, রিপু করা এবং পোশাক তৈরী করতে জানা। | ৫। পোশাক তৈর সনদপত্র |